

ঢাবিতে আবারও ককটেল বিস্ফোরণ



বিশ্ববিদ্যালয় প্রতিবেদক

প্রকাশ: ২৭ ডিসেম্বর ২০২৩ | ২২:৪১



ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে আবারও ককটেল বিস্ফোরণের ঘটনা ঘটেছে। নীলক্ষেত সংলগ্ন স্যার এ এফ রহমান হলের সামনে ৪টি ককটেল বিস্ফোরণ ঘটেছে বলে প্রত্যক্ষদর্শীরা জানিয়েছে। তবে এ ঘটনায় কোনো হতাহতের ঘটনা ঘটেনি। কে বা কারা এই বিস্ফোরণ ঘটিয়েছে প্রাথমিকভাবে তা শনাক্ত করতে পারেনি পুলিশ।

বুধবার রাত সাড়ে ৮টার দিকে নীলক্ষেত পুলিশ ফাঁড়ি ও স্যার এ এফ রহমান হলের মাঝ রাস্তায় একটি মোটরসাইকেল থেকে ককটেল বিস্ফোরণ ঘটানো হয়।

UNIBOTS

প্রত্যক্ষদর্শী শিক্ষার্থীরা বলেন, রাত সাড়ে ৮টার দিকে নীলক্ষেত মোড়ের কাছে হঠাৎ পরপর ৪ টি শব্দ হয়। প্রচন্ড শব্দে ও ধোঁয়ায় চারপাশ ভরে যায়। একটি মোটরসাইকেল থেকে কেউ ককটেল নিক্ষেপ করেছে। ককটেল নিক্ষেপ করে নীলক্ষেত-নিউমার্কেটের দিকে পালিয়ে যায় মোটরসাইকেলে থাকা দুর্বৃত্তরা।

সরেজমিনে দেখা যায়, নীলক্ষেত পুলিশ ফাঁড়ি ও এ এফ রহমান হলের সামনে ৪টি ককটেল বিস্ফোরণের চিহ্ন রয়েছে। ককটেলগুলো উল্টোপাশের রাস্তা থেকে নিক্ষেপ করা হয়েছে বলে ধারণা করা হচ্ছে।

বিষয়টি নিশ্চিত করে বিশ্ববিদ্যালয়ের প্রক্টর অধ্যাপক মাকসুদুর রহমান বলেছেন, ককটেল বিস্ফোরণের ঘটনা জেনেছি। আউটসাইড থেকে কেউ ককটেল বিস্ফোরণ করেছে। ঘটনাস্থলের সিসিটিভি চেক করা হচ্ছে।

ক্যাম্পাসে নজরদারি বাড়ানোর কথা জানিয়ে তিনি আরও বলেন, অবরোধ চলায় আমাদের চেকপোস্টে পুলিশ প্রশাসনের লোকজন কম। তবে আমরা প্রশাসনকে বলেছি, যেন নজরদারি বাড়ানো হয়।

এর আগে ১৮ নভেম্বর রাত ৯টার দিকে ভিসি চত্বরে তিনটি ককটেল বিস্ফোরণের ঘটনা ঘটে। এছাড়াও ৬ নভেম্বর কলা ভবনের ওয়াশরুম থেকে দুইটি ককটেল উদ্ধার করা হয়।